০২/১০/২০০১

দৈনিক ইত্তেফাক

তারিখ ..................
পৃষ্ঠা ৩ কলাম ৮......

# ঢাকা ভার্সিটির হলগুলোতে বহু অছাত্র অস্ত্রধারীর পদচারণায় উদ্বেগ

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল (সোমবার) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর পরিষদের এক জরুরী সভা সমিতির সভাপতি অধ্যাপক আর আই এম আমিনুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে অসংখ্য বহিরাগত অছাত্র ও অস্ত্রধারীদের সংবাদে সভায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। অবিলম্বে এসব বহিরাগত অছাত্র ও অস্ত্রধারীদের গ্রেফতার করে শিক্ষার সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনা এবং দল-মত-নির্বিশেষে হলগুলোতে বৈধ ছাত্রদের সহাবস্থান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবী জানানো হয়।

সভায় ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য বর্তমান সরকারের কাছে দাবী জানানো হয় এবং মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয় বা যেকোন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের পদত্যাগে বাধ্য করা বা অপসারণের চেষ্টা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়।

নির্বাচনোত্তর সারাদেশে একটি মহলের নগ্ন পৈশাচিক সন্ত্রাস ও নির্যাতন বিশেষতঃ সংখ্যালঘু সম্প্রদায়ের উপর যে বর্বর ও অমাণবিক অত্যাচার করা হচ্ছে সভায় তার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়। অবিলম্বে এই সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ করা এবং প্রকৃত অপরাধীদের খুঁজে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার জন্য এই সভা বর্তমান সরকারের কাছে জোর দাবী জানায়।